

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৭২৭

খোয়াই, ৭ নভেম্বর, ২০২৪

পদ্মবিল রাজে প্রশাসনিক ও স্বাস্থ্য শিবির

খোয়াই মহকুমা প্রশাসনের উদ্যোগে গতকাল পদ্মবিল রাজের ঈশ্বর সর্দার পাড়া  
হাইকুলে এক প্রশাসনিক ও স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে মহকুমা প্রশাসনের পক্ষ  
থেকে এলাকার ৫২ জনের কাছ থেকে পিআরটিসি সার্টিফিকেটের আবেদনপত্র, ৬২ জনের  
কাছ থেকে এসটি সার্টিফিকেটের জন্য আবেদনপত্র, জন্ম মৃত্যু রেজিস্ট্রেশন সার্টিফিকেটের  
জন্য ৮টি আবেদনপত্র গ্রহণ করা হয়। ১৮ জনের কাছ থেকে ম্যারেজ সার্টিফিকেটের  
আবেদনপত্র গ্রহণ করা হয়। ৬৯ জনের আঁধার এনরোলমেন্ট করানো হয়। শিবিরে  
এলাকার ১০ জনের কাছ থেকে রেশন কার্ডের আবেদনপত্র গ্রহণ করা হয়। এছাড়া  
এলাকার ১০ জনকে ইনকাম সার্টিফিকেট প্রদান করা হয়। প্রাণীসম্পদ বিকাশ কার্যালয়ের  
পক্ষ থেকে এলাকার ১৫টি পরিবারের ২৯৯টি পশুপাখির জন্য বিনামূল্যে ঔষধ প্রদান  
করা হয়। স্বাস্থ্য বিভাগের পক্ষ থেকে ২৪ জন রোগীর চিকিৎসা করে বিনামূল্যে প্রয়োজনীয়  
ঔষধ প্রদান করা হয়। শিবিরে উপস্থিত ছিলেন পদ্মবিল রাজের বিডিও স্বরূপ রিয়াৎ,  
মহকুমা প্রশাসনের ডেপুটি কালেক্টর কিশোর দেববর্মা সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ।

\*\*\*\*\*